

বাজেট ভাষণ

২০১৬-১৭

শ্রীরাধাচরণ দেববর্মা
মুখ্য কার্যনির্বাহী সদস্য

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ
১৫ই মার্চ ২০১৬

এক নজরে ২০১৬-১৭ অর্থ বর্ষের বাজেট প্রস্তাবনার উল্লেখযোগ্য কর্মসূচী:-

১. ২০১৬-১৭ অর্থ বর্ষের মোট বাজেট বরাদ্দ-৫৫৮.৫৮ কোটি। এর মধ্যে পরিকল্পনা খাতে ১৮৫.৫২ কোটি, করাংশ থেকে মং ৬৭.৯২ কোটি, ট্রেন্সফার ফান্ড ৩০৩.৫৪ কোটি, অন্যান্য ৪.৬০ কোটি। বৃদ্ধি ২০% শতাংশ।
২. এছাড়া ও ২২৬.০৭ কোটি টাকা রেগা ও সর্কশিক্ষা অভিযান খাতে পাওয়া যাবে বলে প্রত্যাশা আছে এবং পাওয়া গেলে বাজেট বরাদ্দ ও ৭৮৪.৬৫ কোটি টাকায় দাড়াবে।
৩. প্রথমবারের মত ‘পারফরমেন্স এবং আউটকাম’ পদ্ধতি অনুসরণ করে ২০১৫-১৬ অর্থ বর্ষের পারফরমেন্স বাজেট এবং ২০১৬-১৭ বর্ষের আউট কাম বাজেট জেলা পরিষদের সভায় উপস্থাপন করা হল।
৪. উপজাতি বেকার যুবক যুবতিদের স্বনির্ভর/ স্বসহায়ক করে তুলতে সিকলাহাম (SIKLA HAM) নামে একটি নুতন প্রকল্প চালু করা হচ্ছে। তাতে ক্ষুদ্র শিল্প বা ব্যবসা প্রতিষ্ঠার জন্য ঋণ ও ভতুকের ব্যবস্থা থাকবে। এই প্রকল্পে ৫০.০০ হাজার থেকে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত কম সুদে ঋণ পাওয়া যাবে।
৫. ৩০০০ হার্ডকোর জুমিয়া পরিবারকে ২০১৬-১৭ অর্থবর্ষে পুনর্বাসন ও স্থায়ীভাবে চাষাবাদের জন্য সহায়তা করা হবে।
৬. এই নুতন বাসস্থান উন্নয়ন প্রকল্প, তিনটি নির্ধারিত স্থানে পাইলট প্রজেক্ট হিসাবে বাস্তবায়নের জন্য হাতে নেওয়া হবে।
৭. ১২৫ টি নিম্ন বুনিয়াদি ও উচ্চ বুনিয়াদি বিদ্যালয়কে পরিকাঠামোগত উন্নয়নের জন্য অগ্রাধিকারের ভিত্তিতে হাতে নেওয়া হবে।
৮. ৪০টি আবাসিক বিদ্যালয় এবং ছত্রাবাসকে স্মার্ট ক্লাসে উন্নীত করা হবে।
৯. প্রত্যন্ত এলাকার ২১৮ টি জনপদকে যানবাহন উপযোগি সংযোগ স্থাপনের জন্য ৪৮০ কিমি রাস্তা নিৰ্মান করা হবে। এজন্য রেগাসহ বিভিন্ন স্কীমের টাকা ব্যবহার করা হবে।
১০. ৬০৬ টি জনপদে, যেগুলিতে আংশিকভাবে জল সরবরাহ হচ্ছে সেগুলিতে উৎস নিৰ্মান ও পাইপ লাইন সংযোগস্থাপন করে হাইড্রেন্টের

